# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫১৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৪. নারীর যৌনাঙ্গ ও পশ্চাদ্বার এবং পুরুষাঙ্গ স্পর্শ করা সম্পর্কিত বর্ণনা এবং তার বিধান

بَابُ مَا رُوِيَ فِي لَمْسِ الْقُبُلِ وَالدُّبُرِ وَالذَّكَرِ ، وَالْحُكْمُ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدٍ الْوَكِيلُ ، نَا عَلِيُّ بْنُ مُسْلِمٍ ، ثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ ، نَا عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ بُسْرَةَ بِنْتِ صَفْوَانَ : قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَقُولُ : " مَنْ مَسَّ ذَكَرَهُ أَوْ أُنْثَيَيْهِ أَوْ رُفْغَيْهِ ، فَلْيَتَوَضَّأْ " . كَذَا رَوَاهُ عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ ، عَنْ هِشَامٍ ، وَوَهِمَ فِي ذِكْرِ الْأُنْثَيَيْنِ وَالرُّفْغِ ، وَإِدْرَاجِهِ ذَلِكَ فِي حَدِيثِ بُسْرَةَ عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَالْمَحْفُوظُ : أَنَّ ذَلِكَ مِنْ قَوْلِ عُرْوَةَ غَيْرِ مَرْفُوعٍ ؛ كَذَلِكَ رَوَاهُ الثِّقَاتُ عَنْ هِشَامٍ مِنْهُمْ : أَيُّوبُ السَّخْتِيَانِيُّ ، وَحَمَّادُ بْنُ زَيْدٍ ، وَغَيْرُهُمَا

বাংলা

৫১৫(১০). আহমাদ ইবনে আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ আল-ওয়াকীল (রহঃ) ... বুসরা বিনতে সাফওয়ান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি (উযু করার পর) নিজের লজ্জাস্থান অথবা অণ্ডকোষদ্বয় অথবা উভয় ঊরুসন্ধি স্পর্শ করেছে, সে যেন (পুনরায়) উযু করে।

এই হাদীস আবদুল হামীদ ইবনে জা’ফার (রহঃ) হিশামের সূত্রে এভাবে বর্ণনা করেছেন এবং অণ্ডকোষদ্বয় ও উরুসন্ধি’র উল্লেখ করার ক্ষেত্রে সন্দেহের শিকার হয়েছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বুসরা (রাঃ) কর্তৃক বর্ণিত এ হাদীসে উপরোক্ত কথা রাবী কর্তৃক প্রক্ষিপ্ত (ইদরাজ) হয়েছে। নির্ভরযোগ্য কথা হলো, এটি উরওয়া (রহঃ)-এর উক্তি, মারফু হাদীস নয়। এই হাদীস নির্ভরযোগ্য রাবীগণ হিশাম (রহঃ) থেকে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন। আইয়ুব আস-সাখতিয়ানী, হাম্মাদ ইবনে যায়েদ (রহঃ) প্রমুখ তাদের অন্তর্ভুক্ত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বুসরাহ বিনতে সাফওয়ান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80304

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন